

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mora.gov.bd
www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৪-৩২৫

তারিখঃ ০৫/০২/২০১৫ খ্রিঃ

বিজ্ঞপ্তি

সরকার ২০১৫ (১৪৩৬ হিজরী) সনের সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের প্যাকেজের আওতায় রেজিস্ট্রেশন ফি'র প্রথম কিস্তির টাকা এবং প্যাকেজের অবশিষ্ট টাকা জমা দেয়ার তারিখ ও পদ্ধতি নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করেছেন :

(১) সরকারি ব্যবস্থাপনা : সরকারি ব্যবস্থাপনায় গমনোচ্ছু উভয় প্যাকেজের (প্যাকেজ নং ১ ও প্যাকেজ নং ২) হজ্জযাত্রীদের রেজিস্ট্রেশন ফি'র আংশিক ৫১,৬৯০/- (একান্ন হাজার ছয়শত নব্বই) টাকা আগামী ২৬/০২/২০১৫ খ্রিঃ তারিখ অথবা সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর কোটা পূর্ণ হওয়া পর্যন্ত সরকার নির্ধারিত ব্যাংকে আগে টাকা জমা দিয়ে 'আগে রেজিস্ট্রেশন করলে আগে নিশ্চিত'-এর ভিত্তিতে সরাসরি/অনলাইনে নিবন্ধন (Registration) করা যাবে। সরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর কোটা পূর্ণ হওয়া মাত্র স্বয়ংক্রিয়ভাবে রেজিস্ট্রেশন বন্ধ হয়ে যাবে। উভয় প্যাকেজের অবশিষ্ট টাকা হজ্জযাত্রীগণ কর্তৃক আগামী ১০/০৬/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংকের একই শাখায় জমা করতে হবে।

(২) বেসরকারী ব্যবস্থাপনা : বেসরকারি ব্যবস্থাপনায় গমনোচ্ছু হজ্জযাত্রীদের রেজিস্ট্রেশন ফি'র আংশিক ৪৮,৩৩১.৫০ (আটচল্লিশ হাজার তিনশত একত্রিশ টাকা পঞ্চাশ পয়সা) টাকা আগামী ২৬/০২/২০১৫ খ্রিঃ তারিখ অথবা বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীর এজেন্সী-ওয়ারী স্ব-স্ব এবং সাকুল্যে কোটা পূর্ণ হওয়া পর্যন্ত সরকার নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে 'আগে রেজিস্ট্রেশন করলে আগে নিশ্চিত'-এর ভিত্তিতে সরাসরি/অনলাইনে নিবন্ধন (Registration) করা যাবে। বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীর স্ব-স্ব এজেন্সীওয়ারী এবং সাকুল্যে কোটা পূর্ণ হওয়া মাত্র স্বয়ংক্রিয়ভাবে রেজিস্ট্রেশন বন্ধ হয়ে যাবে। বেসরকারি ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের রেজিস্ট্রেশন ফি'র অবশিষ্ট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আগামী ১০/০৬/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করতে হবে। হজ্জ এজেন্সীসমূহের প্যাকেজের অবশিষ্ট সমুদয় টাকাও ১০/০৬/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে হজ্জযাত্রীগণ কর্তৃক সংশ্লিষ্ট হজ্জ এজেন্সী কর্তৃপক্ষকে পরিশোধ করতে হবে।



(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ্জ)
ফোন : ৯৫৮৫২০০

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সভাপতি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সংসদ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।

৭. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৮. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৯. ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা ।
১০. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা ।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মিটোলা , ঢাকা ।
১২. যুগ্ম-সচিব (হজ্জ/প্রশাসন/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা, সৌদি আরব ।
১৪. উপ-সচিব (প্রশাসন/উন্নয়ন/হজ্জ/সংস্থা/দেবোত্তর, অডিট ও বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা ।
১৫. জেলা প্রশাসক, সকল (উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করনের অনুরোধসহ) ।
১৬. পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা ।
১৭. ব্যবস্থাপনা পরিচালক (সংশ্লিষ্ট সকল ব্যাংক)..... ।
১৮. সভাপতি, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সান্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী,
৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা ।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
- ২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
- ৩। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
- ৪। যুগ্ম-সচিব (হজ্জ/প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।